



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৫.১৮.১৬৩(১)

তারিখঃ ১২/০৯/২০১৮ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে কর্মরত প্রকল্পের মাঠ সংগঠকদের প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা না করা এবং প্রকল্পের যাবতীয় তথ্য যথাসময়ে এআরডিও ও ইউআরডিও'র নিকট উপস্থাপিত না করায় প্রকল্প কার্যক্রমের তদারকি ব্যাহত হওয়াসহ ঋণ তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিত না হওয়ায় ইতোপূর্বে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে স্মারক নং ৩০৩ তারিখঃ ১৯/০৪/১৮, স্মারক নং ৩০৪ ও ৩০৪(১) তারিখঃ ১৯/০৪/১৮ ও স্মারক নং ৩২৯ তারিখঃ ২৬/০৪/১৮ খ্রিঃ মূলে কিছু সংখ্যক হিসাব সহকারীর বেতন ভাতার আংশিক স্থগিত করা হয়। এছাড়া আগস্ট'২০১৮ পর্যন্ত কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় উপজেলায় কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী হ্রাস/বৃদ্ধি পেয়েছে। তাই কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী'র হ্রাস/বৃদ্ধি বিবেচনা করে কর্মসূচির হিসাব সহকারীদের বেতন ভাতার আংশিক স্থগিত/ স্থগিতকৃত আংশিক বেতন ভাতার হ্রাস/বৃদ্ধি/বাতিল করা হলো।

হিসাব সহকারী

ক্র.নং.	নাম	কর্মস্থল		বর্তমান বেতন ভাতা স্থগিতের হার	প্রস্তাবিত বেতন ভাতা স্থগিতের হার
		উপজেলা	জেলা		
১	রাজু আহমেদ	ডুমুরিয়া	খুলনা	১০%	০
২	পবিত্র কুমার মন্ডল	পাইকগাছা		০	৫%
৩	মোঃ কাঞ্চন মিয়া	আইগলঝারা	বরিশাল	১০%	৫%
৪	নওরোজ হোসেন	চুয়াডাঙ্গা সদর	চুয়াডাঙ্গা	১০%	৫%
৫	মোঃ নজরুল ইসলাম	দশমিনা	পটুয়াখালী	১০%	৫%
৬	মোঃ কামাল হোসেন	মির্জাগঞ্জ		১০%	৫%
৭	মোঃ শরীফুদ্দিন	দুমকি		১০%	৫%
৮	মোঃ আকরামুল ইসলাম	কলাপাড়া		১০%	০
৯	নিশীথ মন্ডল	মঠবাড়ীয়া	পিরোজপুর	১০%	০
১০	আব্দুল হাই	নাজিরপুর		১০%	০
১১	মোঃ মোশাররফ হোসেন	বোরহান উদ্দিন	ভোলা	১০%	১০%
১২	মোঃ সোহেল রানা	চরফ্যাশন		১০%	৫%
১৩	মোঃ আব্দুল হামিদ	বামনা	বরগুণা	১০%	০
১৪	মোঃ জহিরুল ইসলাম	আমতলী		১০%	১০%
১৫	মোঃ আশরাফুল ইসলাম	মনিরামপুর	যশোর	০	৫%

শর্তাবলী :


০১। বর্ণিত হিসাব সহকারীদের সাকুল্য বেতন হতে বর্তমানে স্থগিতকৃত বেতন সফটওয়্যারে Postponed Salary Payable (891) কোডে জমা রাখতে হবে।

০২। হিসাব সহকারীদের স্থগিতকৃত বেতন এবং যে সকল হিসাব সহকারীর স্থগিতাদেশ প্রত্যাহার বা হ্রাস করা হয়েছে তাদের স্থগিতকৃত বেতন ভাতা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে, যা কর্মসূচি হতে চূড়ান্তভাবে অব্যাহতিগ্রহণকালে তাদের কর্মকালীন ঋণ বিতরণে অনিয়মের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়ার বিষয়টি প্রমাণিত হলে অথবা কোন দায় দেনা উৎঘাটিত হলে তাদের উক্ত জামানতকৃত অর্থ থেকে মেয়াদোত্তীর্ণ খেলাপী/দায়দেনার বিপরীতে সমন্বয় করা হবে।

০৩। প্রকল্প দপ্তরের অনুমোদন ব্যতীত স্থগিতকৃত বেতনভাতা যা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে তা কোনক্রমেই উপজেলা বা জেলা দপ্তর প্রদান করতে পারবে না।

০৪। ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত আদেশ বাতিল বলিয়া গণ্য হবে।

প্রকল্পের স্বার্থে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোনঃ ০২-৮১৮০১৪৪

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৫.১৮


তারিখঃ ১২/০৯/২০১৮ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৪. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. পরিচালক (প্রশাসন/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন : ৮১৮০১৪৩